

## অতীব জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
(গার-৩ অধিশাখা)

www.mohfw.gov.bd

নং-৪৫.১৪৪.১১৬.০০.০০.০০২.২০১৫- ৫১৮

তারিখ: ০৮/১১/২০১৮ খ্রিঃ


বিষয়ঃ বৃহত্তর চট্টগ্রাম জেলার অন্তর্গত ফটিকছড়ি (চট্টগ্রাম), রামু (কক্সবাজার) ও আলীকদম (বান্দরবান) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কর্মরত ডাক্তারদের বিরুদ্ধে বিভিন্ন দুর্নীতির অভিযোগ প্রসঙ্গে।

সূত্রঃ (১) মন্ত্রিপরিষদ বিভাগ ০৪.০০.০০০০.৫২১.১৬.০৮৮.১৭-৪৮২, তারিখঃ ২৩ সেপ্টেম্বর'২০১৮

(২) দুর্নীতি দমন কমিশন ০৪.০১.০০০০.৫০১.০১.০৮৯.১৬-২৮৩৪১, তারিখ-১৩-০৯-২০১৮

উপর্যুক্ত বিষয়ে সূত্রোদয়ের মাধ্যমে জানানো যাচ্ছে যে “বৃহত্তর চট্টগ্রাম জেলার অন্তর্গত ফটিকছড়ি, রাউজান, রামু ও আলীকদম উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কর্মরত ডাক্তারদের বিরুদ্ধে কর্মস্থলে নিয়মিত উপস্থিত না থাকা, রোগীদেরকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা সেবা প্রদান না করে প্রাইভেট ক্লিনিকে পাঠানো, সরকারি ঔষধ প্রেসক্রাইব, সন্তান প্রসবের সময় বিনা প্রয়োজনে সিজারিয়ান অপারেশন করা, সরকারি হাসপাতালে চিকিৎসা প্রদানের সময় রোগীদের নিকট হতে ফি আদায়, রোগীদের সাথে দুর্ব্যবহার ইত্যাদি নানাবিধ অভিযোগ পাওয়া যায়। এ অভিযোগগুলো শুধুমাত্র বৃহত্তর চট্টগ্রাম জেলার স্বাস্থ্য কমপ্লেক্সগুলোর চিত্র নয় প্রায় সারা দেশেরই চিত্র মর্মে জনশ্রুতি রয়েছে। অনেক ক্ষেত্রে এ অভিযোগসমূহ দালিলিক সাক্ষ্য প্রমাণ দ্বারা প্রতিষ্ঠিত করা সম্ভব না হলেও বাস্তবতা অস্বীকার করার উপায় নেই। এ অবস্থা নিরসন হওয়া প্রয়োজন মর্মে দুর্নীতি দমন কমিশন মনে করে।” এ বিষয়ে জরুরি ব্যবস্থা গ্রহণপূর্বক স্বাস্থ্য সেবা বিভাগকে জানানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

০২। বিষয়টি অতীব জরুরী।

  
(রোকেয়া বেগম)  
উপসচিব  
ফোনঃ ৯৫৪৯১২৮  
dsper3@mohfw.gov

বিতরণঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (নির্ধারিত সময়ের মধ্যে গৃহীত কার্যক্রমের অগ্রগতি প্রেরণ নিশ্চিত করবেন)।
- ২। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), (সকল)
- ৩। পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। সিভিল সার্জন, (সকল)।

অনুলিপিঃ

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।